

১৫০০ এ্যাম্পুল বুপ্রেনরফাইনযুক্ত ইনজেকশনসহ ০১(এক)জন গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ১৪-০১-১৪ ইং সকাল ৭.০০-৮.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের সহকারী পরিচালক(দক্ষিণ)জনাব মোঃ রাশেদুজ্জামান এর নেতৃত্বে কোতোয়ালী সার্কেলের পরিদর্শক জনাব মোঃ শাহিনুল কবীর সহ অধিদপ্তরের একটি টিম গেন্ডারিয়া থানাধীন ৬৬/১, সতিশ সরকার রোডস্থ

বরইতলা মাজার জামে মসজিদের সামনে রাস্তার উপর আসামী আনজুআরা বেগম(৪৮)কে গতিরোধকরে তার দখল থেকে ১৫০০(এক হাজার পাঁচশত) এ্যাম্পুল বুপ্রেনরফাইনযুক্ত ইনজেকশন উদ্ধার করা হয়। এ ব্যাপারে কোতোয়ালী সার্কেল পরিদর্শক জনাব মোঃ শাহিনুল কবীর বাদী হয়ে গেন্ডারিয়া থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর ১৯(১)এর ৩(খ) ধারায় একটি মামলা রুজু করেন। মামলার তদন্ত কার্যক্রম অব্যাহত আছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী জানান উল্লিখিত বুপ্রেনরফাইনযুক্ত ইনজেকশন বিভিন্ন পার্টির মাধ্যমে হিলি সীমান্ত দিয়া ঢাকা নিয়ে আসা হয়েছে। আসামীর দেয়া তথ্য মতে উদ্ধারকৃত ইনজেকশন এর মূল্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

(মোঃ রাশেদুজ্জামান)
সহকারী পরিচালক (দক্ষিণ)
ফোন-৭১১৩৬৩৪।